তারিখ 13 AUG 2016
পৃষ্ঠা ৭ কলাম ২

দৈনিক
আমাদের সময়

# ঝিনাইগাতীতে ৭ ঝুঁকিপূর্ণ বিদ্যালয়ে পাঠদান

ঝিনাইগাতী সংবাদদাতা •

শেরপুরের ঝিনাইগাতী উপজেলায় ৭টি ঝুঁকিপূর্ণ ও পরিত্যক্ত প্রাথমিক বিদ্যালয়ে চলছে পাঠদান। পরিত্যক্ত ঘোষণার কয়েক বছর অতিক্রম হলেও সংস্কার করা হয়নি বিদ্যালয় ভবনগুলো। ফলে শিক্ষার্থীদের আকাশের নিচে, গাছতলায়, ছাপরা ঘরে কিংবা ঝুঁকিপূর্ণ বিদ্যালয় ভবনের বারান্দাতেই ক্লাস করতে হচ্ছে। এতে আতঙ্কে দিনে দিনে শিক্ষার্থীর উপস্থিতির হার যেমন কমছে তেমনি ব্যাহত হচ্ছে মানসম্মত প্রাথমিক শিক্ষা।

উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা যায়, এ উপজেলায় ৯৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তার মধ্যে রাংটিয়া আদর্শগ্রাম, ঘাগড়া লস্কর, উত্তর কান্দুলী, দক্ষিণ মালিঝিকান্দা, বনগাঁও চতল, দুপুরিয়া, ঘাগড়া, সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন দুর্বল হয়ে পড়ায় ২০১৩ সালের মে মাসে উপজেলা প্রশাসন এ গুলোকে পরিত্যক্ত ঘোষণা করে। তখন থেকে বিদ্যালয়ের খুদে শিক্ষার্থীরা পরিত্যক্ত ভবনে ক্লাস বাদ দিয়ে স্কুল মাঠের আকাশের নিচে কিংবা ঝুঁকিপূর্ণ ভবনের বারান্দায় লেখাপড়া করছে। গত তিন বছর পূর্বে বিদ্যালয়ের ভবনগুলো পরিত্যক্ত হলেও নির্মাণ করা হয়নি নতুন কোনো ভবন।